



জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

1929
23/05/28

NOTICE_MASTER_2021_2022.docx

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/আকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০২১-২০২২/ ৫২০৬

তারিখ: ২৪/০৫/২০২৪

২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে ২য় রিলিজ প্রিপের মেধা তালিকা প্রকাশ, কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন ও ভর্তিকৃত শিক্ষার্থীদের পত্রকোড এন্ট্রি সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমের ২য় রিলিজ প্রিপের মেধা তালিকা ১৯ মে ২০২৪ তারিখ বিকাল ৪টায় প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>atmf<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ভর্তি বিষয়ক ওয়েবসাইটে ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে। উল্লেখ্য যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে ২য় রিলিজ প্রিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা মাস্টার্স প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ২৩ মে ২০২৪ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে অন্যথায় বৈত ভর্তির কারণে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। এ ভর্তি কার্যক্রমের বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে।

২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ২য় রিলিজ প্রিপের ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	বিবরণ	তারিখ
১)	২য় রিলিজ প্রিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহের তারিখ: রিলিজ প্রিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশন থেকে Masters (Regular) Login শিঙকে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করে এর প্রিন্ট কপি সংগ্রহ করতে হবে।	১৯/০৫/২০২৪ থেকে ২৭/০৫/২০২৪
২)	২য় রিলিজ প্রিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি ফরম ও রেজিস্ট্রেশন ফি [শিক্ষার্থী প্রতি ৮৩৫/- (আটশত পঁয়ত্রিশ) টাকা হারে] সংশ্লিষ্ট কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) জমা দেয়ার তারিখ:	২০/০৫/২০২৪ থেকে ২৮/০৫/২০২৪
৩)	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক ২য় রিলিজ প্রিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি অনলাইনে নিশ্চয়নের তারিখ: কলেজ কর্তৃপক্ষকে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে ২য় রিলিজ প্রিপের মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি যাচাই করে অনলাইনে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি বা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে ঐ শিক্ষার্থীর ভর্তি নিশ্চয়ন না করে বিষয়টি লিখিতভাবে ডিন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর জানাতে হবে।	২০/০৫/২০২৪ থেকে ২৯/০৫/২০২৪
৪)	কলেজ কর্তৃপক্ষকে ২য় রিলিজ প্রিপে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফির জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [শিক্ষার্থী প্রতি ৮৩৫/- (আটশত পঁয়ত্রিশ) টাকা হারে] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (Masters Reg.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip-এ ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে "রেজিস্ট্রেশন ফি" খাতের সমস্ত হিসাব নম্বর- 0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	৩০/০৫/২০২৪ থেকে ০৪/০৬/২০২৪
৫)	পত্রকোড এন্ট্রি ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ২য় রিলিজ প্রিপে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয়ভিত্তিক পত্রকোড এন্ট্রি দেয়ার তারিখ: এ লক্ষ্যে কলেজকে Login এর মাধ্যমে Paper Code Entry অপশন থেকে ভর্তিকৃত শিক্ষার্থীদের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের জন্য প্রযোজ্য বিষয়ভিত্তিক সিলেবাস অনুসরণ করে সঠিক পত্রকোড এন্ট্রি দিতে হবে। উল্লেখ্য যে, কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে কোন শিক্ষার্থীর পত্রকোড এন্ট্রি দেয়া না হলে অথবা ভুল পত্রকোড এন্ট্রি দেয়া হলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।	৩০/০৫/২০২৪ থেকে ২৫/০৬/২০২৪

14.05.2024
(প্রফেসর ড. মোহাম্মদ বিন কাশেম)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ই-মেইল- pgdeanoffice@gmail.com

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/আকা:/মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি/২০২১-২০২২/ ৫২০৬

তারিখ: ২৪/০৫/২০২৪

বিতরণ:

১. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
২. পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
৪. সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. সচিব, ডাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. সহকারী রেজিস্ট্রার, প্রোগ্রাম-ডাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. অফিস কপি

28/05/2024
(মো: শাহজামদা)
উপ-রেজিস্ট্রার (মাস্টার্স)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪